# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ হজ্জ ও উমরা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

আমি এক ধনী মহিলা। আমার উপর হজ্জ ফরয হয়েছে। কিন্তু আমার স্বামী সাথে যেতে রাজী নয়, আমাকে কারো সঙ্গে ছাড়তেও রাজী নয়। এ বছরে আমার বড় ভাই হজ্জে যাচ্ছেন। আমি কি তাঁর সাথে স্বামীর তোয়াক্কা না করে হজ্জ করতে পারি? নাকি স্বামীর অনুমতি জরুরী?

আপনার স্বামীর উচিৎ নয়, ফরয পালনে আপনাকে বাধা দেওয়া। সুতরাং নামায রোযার মতোই হজ্জ করতে স্বামীর অনুমতি না থাকলেও আদায় করতে হবে। ৩২২ (ইবনে জিবরীন)যেহেতু আল্লাহ্র ফরয হক সবার উপরে। আর নবী (সঃ) বলেছেন, “স্রষ্টার অবাধ্যতা করে কোন সৃষ্টির অনুগত্য নেই।” ৩২৩ (আহমাদ)

Source — https://www.hadithbd.com/books/link/?id=235

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন